[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এসময় মাস্ক পরিধান না করা, স্বাস্থ্যবিধি না মানার অপরাধে দন্ডবিধি আইনে ২জন কে ৪০০টাকা জরিমানা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।
এসময় তিনি বলেন, সকলে সরকারি নির্দেশনা মেনে চলুন সুস্থ থাকেন। সরকারি নির্দেশনা অমান্য করলে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এবং অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার কে ঝুকিতে ফেলবেন না। লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করুন।

আদালত পরিচালনা কাজে সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলি, দর্শনা থানার পুলিশ সদস্য প্রমুখ।

দামুড়হুদায় সরকারী গৃহ নির্মাণ কাজ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদায় সরকারী গৃহ নির্মাণ কাজ পরিদর্শন করেছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

জানা গেছে, গতকাল সোমবার দুপুর দেড় টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রেলগেট সংলগ্ন গৃহহীনদের মাঝে বরাদ্দ দেওয়া ২টি স্থানে ৩০টি ঘর নির্মাণ কাজ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

এসময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, সরকারি গৃহ নির্মাণ কাজে কোনো রকম অনিয়ম দূর্নীতি সহ্য করা যাবে না। যদি কেই এ গৃহ নির্মাণ কাজে অনিয়ম ও দূর্নীতির আশ্রয় নেই তাকে কঠোর আইনের আওতায় আনা হবে। এবং সার্বক্ষণিক এ গৃহ নির্মাণ কাজ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হবে। এবং এই গৃহ নির্মান কাজে ভালো মানের উপাদন ব্যবহার করা হচ্ছে। যা সার্বক্ষণিক উপজেলা প্রশাসন তদারকি করে যাচ্ছে।

এসকল গৃহ নির্মাণ প্রকল্প পরিদর্শন কালে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলী।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সরোজগঞ্জের খোদা বক্সের ছেলে।

ঘটনার বিবরণে জানা গেছে, সোমবার দুপুরের দিকে লুৎফর রহমান ও ওয়াজেদ আলী মেহেরপুরে ডাক্তারের কাছে চিকিৎসা নিতে আসেন। চিকিৎসা শেষে মোটরসাইকেল যোগে বাড়ি ফেরার পথে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কোলার মোড় নামক স্থানে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ইজিবাইকের সাথে মুখোমুখি সংঘর্ষ ঘটে। এসময় দুজনে আহত হয়।

মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল আহত অবস্থায় তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়।
এসময় কর্তব্যরত চিকিৎসক লুৎফর রহমানকে মৃত ঘোষণা করেন সেই সাথে ওয়াজেদ আলীকে ঢাকায় রেফার্ড করা হয়।

অজ্ঞাত রোগে নষ্ট হচ্ছে ধান

আক্তারুজ্জামান, এস এ সাদিক খান

জলবায়ুগত পরিবর্তনের কারণে অতিরিক্ত গরম ও নতুন রোগে নষ্ট হয়ে যাচ্ছে জমির ধান। মাঠের পর মাঠ ধান পেকে গেছে মনে হলেও কাছে গিয়ে দেখা যায় পাকা নয়ম ধানের শীষে চিটে ধরে ধান সাদা হয়ে গেছে। আক্রান্ত হওয়ার ৪-৫ দিনের মধ্যে জমিতেই নষ্ট হয়ে যাচ্ছে কষ্টের ফসল। নতুন এ রোগের কোন প্রতিষেধক না পাওয়ায় দিশেহারা হয়ে পড়ছেন কৃষকরা।

সারা বছর পরিবারের চালের চাহিদা মোটাতে ও পরবর্তী আবাদ করতে বোরো মৌসুমে ধান চাষ করে কৃষক। এ সময়ের ধান নিজেদের খাবারের জন্য রেখে বাকি ধান বিক্রয় করে পরবর্তী আবাদে যায় কৃষক।

কিন্তু এবার পরবর্তী আবাদ নিয়ে শংকিত ধান চাষিরা। উৎপাদিত ধান ঘরে তোলার পূর্বেই দেখা দিয়েছে বিপত্তি। কৃষকের হাসিতে নেমে এসেছে মলিনতার ছাপ। প্রচন্ড তাপদাহ আর ভ্যাপসা গরমে জমির ধানের শীষ চিটায় পরিণত হচ্ছে। গাছ ভাল থাকলেও নষ্ট হয়ে যাচ্ছে ধানের শীষ। ইতিপূর্বে এই ধরনের সমস্যার সম্মুখীন হয়নি ধান চাষিরা। অনেকেই বলছেন গমের ন্যায় বরো ধানে ব্লাস্ট ভাইরাস।

পটাশ সার দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

অভিযোগের প্রেক্ষিতে তিনি বলেন, স্বাস্থ্যবিধি মেনে কৃষি কর্মকর্তারা মাঠে থেকে কৃষকদের পরামর্শ দিয়ে যাচ্ছেন।

মেধাবী ছাত্র সজিব বাঁচতে চায়

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের হিজুলী গ্রামের মাশারফ হোসেন এর ছেলে মেধাবী ছাত্র সজিব আহম্মেদ (২৩)। সে মেহেরপুর সরকারি কলেজের অনার্স শেষ বর্ষের ছাত্র।
গত কয়েকমাস আগে সে অসুস্থবোধ করলে পরিবারের পক্ষ থেকে তাকে রাজশাহী মেডিকেলে ভর্তি করে। সেখানে চিকিৎসকগণ তার দুইটি কিডনি নষ্ট হয়েছে বলে জানিয়ে দেয়। তার কডিনি সংযোজন হলে বাচানো সম্ভব বলে চিকিৎসক জানিয়েছেন।
সজিবের পিতা মোশারফ একজন হতদরিদ্র ও ক্যান্সার রুগী এবং তিনিও বিছানাগত হয়ে বাড়িতে চিকিৎসাধীন আছেন, ফলে তার পরিবারের পক্ষে সজিবের চিকিৎসা ব্যয় সম্ভব না।
এদিকে সজিবের মা একটি কিডনি দিয়ে তার ছেলেকে বাঁচাতে এগিয়ে এসেছেন কিন্তু আর্থিক অভাবে তার চিকিৎসা হচ্ছে না।
ফলে সজিবকে বাঁচাতে এগিয়ে আসতে সকল মানুষের কাছে সহযোগিতা কামনা করা হয়েছে। সজিব বাঁচতে চেয়ে আকুতি জানিয়ে এলাকাবাসীর কাছে আর্থিক সহায়তা কমনা করেছেন।

মেহেরপুরে আরও দুই জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও দুই জন করোনায় আক্রান্ত হয়েছেন। তারা সকলেই সদরে বাসিন্দা।

আজ সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৪ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে দুই জনের। আর নেগেটিভ আসে ১২ জনের। নমুনা পাঠানো হয়েছে ২১ টি।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৬৪২৪ টি, সর্বমোট পজিটিভ ৮৮৯ জন, সুস্থ ৭৬০ জন, মৃত্যু ১৮ জন ও ট্রান্সফার্ড ৬৪ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ৪৫ টি (সদরে ১৭ গাংনীতে ১৯মুজিবনগরে ০৯)। ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১১৯ জন।

ভিন্ন সূরে পাওয়া পজিটিভদের পরিচয়- মেহেরপুরের হরিরামপুরের ইসরাফিল হোসেন (২৯) ও শুভরাজপুরের আলিহিম মোল্লাহ (৬৫)।

চিকিৎসা নিতে এসে বাড়ি ফেরা হলো না চুয়াডাঙ্গার লুৎফর রহমানের

চিকিৎসা নিতে এসে আর বাড়ি ফেরা হলো না লুৎফর রহমানের (৬৫)। সোমবার দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার কোলার মোড় নামক স্থানে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল লুৎফর রহমানের।

এঘটনায় সঙ্গে থাকা ওয়াজেদ আলী নামের একজন গুরুত্বরভাবে আহত হয়েছেন। আহত ওয়াজেদ আলীকে ঢাকায় রেফার্ড করা হয়েছে।

নিহত লুৎফর রহমান চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ফরিদপুর গ্রামের আব্দুল আজিজ শেখের ছেলে এবং আহত ওয়াজেদ আলী চুয়াডাঙ্গা সরোজগঞ্জের খোদা বক্সের ছেলে।

ঘটনার বিবরণে জানা গেছে, সোমবার দুপুরের দিকে লুৎফর রহমান ও ওয়াজেদ আলী মেহেরপুরে ডাক্তারের কাছে চিকিৎসা নিতে আসেন। চিকিৎসা শেষে মোটরসাইকেল যোগে বাড়ি ফেরার পথে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কোলার মোড় নামক স্থানে পৌছালে বিপরীত দিক থেকে আসা

একটি ইজিবাইকের সাথে মুখোমুখি সংঘর্ষ ঘটে। এসময় দুজনে আহত হয়।

মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল আহত অবস্থায় তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়।

এসময় কর্তব্যরত চিকিৎসক লুৎফর রহমানকে মৃত ঘোষণা করেন সেই সাথে ওয়াজেদ আলীকে ঢাকায় রেফার্ড করা হয়।

জীবননগরে বনবিড়াল ধরার ফাঁদে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে গৃহকর্তার মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার শিয়ালমারী গ্রামে পোষা কবুতর বাঁচাতে গিয়ে নিজের তৈরী বনবিড়াল ধরার ফাঁদে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বকুল হোসেন হোসেন (৩০) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে।

নিহত বকুল হোসেন শিয়ালমারী গ্রামের মো. তুরাপ আলীর ছেলে।

নিহতের স্বজনরা জানায়, বকুল হোসেন দীর্ঘদিন ধরে নিজ বাড়িতে কুবতর পালতো। প্রায়ই রাতে বনবিড়াল তার কবুতরের ঘরে হানা দিয়ে কবুতর খেয়ে ফেলতো। বন বিড়ালের অত্যাচারের হাত থেকে কবুতরগুলো রক্ষার জন্য বনবিড়াল মারতে গতকাল রবিবার রাতে কবুতর ঘরের চারপাশে বৈদ্যুতিক ফাঁদ পেতে রাখে বকুল হোসেন।

আজ সোমবার রাত আনুমানিক সাড়ে ৩ টার দিকে কবুতর ঘরে বনবিড়াল প্রবেশের শব্দ পেয়ে তড়িঘড়ি করে বন বিড়াল মারতে যায় বকুল হোসেন। এসময় নিজের তৈরি বনবিড়াল ধরার বৈদ্যুতিক ফাঁদে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মারা যায় বকুল হোসেন।

উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ বলেন, বনবিড়ালের কবল থেকে কবুতর বাঁচানোর জন্য শিয়ালমারী গ্রামে নিজের তৈরি বনবিড়াল ধরার ফাঁদে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে বকুল হোসেনের মৃত্যু হয়েছে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সাইফুল ইসলাম জানান, বিষয়টি তিনি লোকমুখে শুনেছেন।